


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২ এন-১৭৩/৮০- ২০৭.

তারিখ : ১১ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : যশোর জেলার সদর পৌরসভার ০২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ হুসাইন এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর পৌরসভার ০২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ হুসাইন কর্তৃক শাবনুর খাতুন, পিতা-মোঃ কুদ্দুচ আলী, মাতা-রাজিয়া বেগম, গ্রাম-বদনপুর, ডাকঘর-কালীচরণপুর, উপজেলা-ঝিনাইদহ, জেলা-ঝিনাইদহ এর বিগত ২৪/০৭/২০১৪ খ্রি. তারিখের বাল্য বিবাহসহ বিভিন্ন বাল্য বিবাহ নিবন্ধন ও নিজ অধিক্ষেত্রের বাইরে বিবাহ নিবন্ধন করার বিষয়টি জেলা রেজিস্ট্রার, যশোর এর তদন্তে প্রমাণিত হওয়ায়; জেলা রেজিস্ট্রারকে অশ্রাব্য ও পদ মর্যাদাকে অপমানজনক ভাষা প্রয়োগের মাধ্যমে উদ্ধৃত আচরণ করায়; রেজিস্ট্রি ডাকঘোণে পত্র প্রেরণ করা হলে তা গ্রহণ না করে ফেরৎ প্রদান করায়; বাল্য বিবাহ নিবন্ধনের কারণে উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করায়; বর ও কনে পক্ষকে ভিন্ন ভিন্ন কাবিননামা প্রদানের মাধ্যমে অনৈতিক সুবিধা নেয়ার বিষয়টি অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উক্ত নিকাহ রেজিস্ট্রার-কে দুই বার কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোনরূপ জবাব দাখিল না করায় এবং মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী উহা অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। একইসাথে যশোর জেলার সদর পৌরসভার ০২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রারের অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো।


২৬/০৭/২০২২

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,

জনাব মোহাম্মদ হুসাইন
সাবেক নিকাহ রেজিস্ট্রার
০২ নং ওয়ার্ড, যশোর পৌরসভা, যশোর।

কার্যার্থে বিতরণ :

- ০১। জেলা রেজিস্ট্রার, যশোর (সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ড পত্র ও বাল্য বিবাহ জন্ম করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড/ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০২। সাব-রেজিস্ট্রার, সদর, যশোর (তাকে বিধি মোতাবেক শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতঃ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।